

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০০৮(১৮).১৭- ৭৭৬

তারিখ: ১২.১০.২০১৭ খ্রি:।

বিষয়: কোটচাঁদপুর কামিল মাদরাসার গভর্নিং বডিতে বিদ্যোৎসাহী সদস্য (ডিজির প্রতিনিধি) মনোনয়ন প্রসঙ্গে।

সূত্র: (১) কোটচাঁদপুর কামিল মাদরাসার স্মারক নং- কো-কা-মা-৩৭/১৭(৮৮)

তারিখ: ০৫.০৯.২০১৭ খ্রি:।

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪

তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, কোটচাঁদপুর কামিল মাদরাসার গভর্নিং বডিতে মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একজন বিদ্যোৎসাহী সদস্য মনোনয়নের নিমিত্ত সূত্রোক্ত ১ নং স্মারকের মাধ্যমে মহোদয় কর্তৃক ০৩ (তিন) জনের নামের প্রস্তাব সম্বলিত একটি আবেদন দাখিল করা হয়েছে।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র ও তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় -

(ক) বিদ্যোৎসাহী সদস্য প্রাপ্তির নিমিত্ত প্রস্তাবিত তালিকাঙ্ক ব্যক্তি জনাব মির কাসেম আলী বি.এ ডিগ্রীধারী একজন ব্যক্তি। তিনি মাদরাসার অভিভাবক সমাবেশে উপস্থিত হয়ে তাদের সন্তানদের মাদরাসা শিক্ষার প্রতি উৎসাহ প্রদান করে থাকেন, গত ২০১৬ সালের ডিসেম্বর মাসে মাদরাসার অবকাঠামো উন্নয়নে দুই গাড়ী ইট দান করেন এবং প্রতিষ্ঠানে শিক্ষামূলক কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে থাকেন মর্মে বর্ণিত মাদরাসার অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদন পত্রে উল্লিখিত হয়েছে বিধায় তিনি (জনাব মির কাসেম আলী) বর্ণিত মাদরাসায় বিদ্যোৎসাহী সদস্য হিসেবে কার্যকর ভূমিকা পালন করতে পারবেন মর্মে প্রতীয়মান হয়।

(খ) তাঁর (জনাব মির কাসেম আলী) অনুকূলে সভাপতি ও অধ্যক্ষ, কোটচাঁদপুর কামিল মাদরাসা এর সুপারিশ রয়েছে।

০৩. এমতাবস্থায় বর্ণিত বিষয়গুলো বিবেচনায় এনে সূত্রোক্ত ২নং স্মারকের ১৬ নং অনুচ্ছেদে (ফাযিল ও কামিল মাদরাসায় বিদ্যোৎসাহী সদস্য পদে মহাপরিচালকের প্রতিনিধি মনোনয়ন দান) বর্ণিত ক্ষমতা বলে জনাব মির কাসেম আলী, পিতা: মরহুম- নুর আলী, গ্রাম: সলেমানপুর, ডাক ও উপজেলা: কোটচাঁদপুর, জেলা: ঝিনাইদহ -কে উক্ত মাদরাসার গভর্নিং বডির বিদ্যোৎসাহী সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হলো।

মো: আফাজ উদ্দীন

সহকারী পরিচালক (সর: ও সিনি: মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং- ৯৩৪৫৮৮০

ই-মেইল-dgdmeb@gmail.com

অধ্যক্ষ

কোটচাঁদপুর কামিল মাদরাসা, ডাক ও উপজেলা: কোটচাঁদপুর, জেলা: ঝিনাইদহ।

অনুলিপি:

১. সচিব, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড, ঢাকা

২. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ধানমন্ডি, ঢাকা।

৩. সভাপতি, কোটচাঁদপুর কামিল মাদরাসা, ডাক ও উপজেলা: কোটচাঁদপুর, জেলা: ঝিনাইদহ।

৪. জনাব মির কাসেম আলী, পিতা: মরহুম- নুর আলী, গ্রাম: সলেমানপুর, ডাক ও উপজেলা: কোটচাঁদপুর, জেলা: ঝিনাইদহ।

৫. অফিস কপি।